মুজিবনগর পরিদর্শনে ডেপুটি ডিরেক্টর জেনারেল মিঃ জিয়াংচেন ঝাং

মুজিবনগর ঐতিহাসিক আম্রকানন স্মৃতিসৌধ পরিদর্শনে এসেছেন WTO-এর ডেপুটি ডিরেক্টর জেনারেল মিঃ জিয়াংচেন ঝাং।

রবিবার দুপুরে ঢাকা থেকে হেলিকপ্টার যোগে মুজিবনগর হেলিপ্যাডে অবতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক লিংকন বিশ্বাস, উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, মেহেরপুর জেলা চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল ও সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল এবং মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল অতিথিদের ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান।

মেহেরপুরে আকস্মিক সফরের তিনি হেলিকপ্টার যোগে মুজিবনগরে আসেন এবং সন্ধ্যায় ঢাকায় ফিরে যান।
পরে মুজিবনগর সাধীনতার সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে সোনাপুর মাঝ পাড়ার বিভিন্ন এলাকা ঘুরে দেখেন।

এসময় এফবিসিসিআই এর পরিচালক সৈয়দ মোয়াজ্জেম হোসেন, বানিজ্য মন্ত্রনালয়ের যুগ্ন সচিব আলম মস্তফা, চীনাদূতাবাসের দ্বিতীয় সেক্রেটারি জুয়েলিং শি সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন।

পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্য

(সচিব) এর মুজিবনগর পরিদর্শন

বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্য (সচিব) সত্যজিত কর্মকার বাংলাদেশের প্রথম রাজধানী মুক্তিযুদ্ধের সূতিকাগার ঐতিহাসিক মুজিবনগর পরিদর্শন করেছেন।
আজ শুক্রবার (১১ নভেমম্বর) সকালে সত্যজিৎ কর্মকার মুজিবনগরে পৌছালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।
সচিব সত্যজিৎ সরকার কর্মকার মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।
তিনি মুক্তিযুদ্ধের ইতিহাস সম্বলিত বিভিন্ন স্থাপনা ঘুরে দেখেন এ সময় তার সঙ্গে ছিলেন, সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মনজুরুল আলম, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল।
মুজিবনগর পরিদর্শন শেষে তিনি মেহেরপুর হয়ে কুষ্টিয়ার উদ্দেশ্যে যাত্রা করেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এর মুজিবনগর পরিদর্শন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মো: মশিউর রহমান মুজিবনগর পরিদর্শন করেছেন।

গতকাল মঙ্গলবার বিকেলে তিনি কুষ্টিয়া থেকে মুজিবনগরে এসে পৌঁছালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। পরে তিনি মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করেন। স্বাধীনতার সূতিকাগার বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগরে মুক্তিযুদ্ধের ইতিহাস

সম্বলিত বিভিন্ন স্থাপনা তিনি ঘুরে দেখেন।

এ সময় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডীন প্রফেসর ডঃ মোহাম্মদ নাসিরউদ্দীন জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রযুক্তি দপ্তর এর পরিচালক মমিনুল ইসলাম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তরের পরিচালক রফিকুল আকবর তার সফর সঙ্গী ছিলেন।

পরিদর্শন শেষে আজ বুধবার কুষ্টিয়া দৌলতপুর কলেজে শিক্ষকদের ওয়ার্কশপে যোগদানের জন্য কুষ্টিয়ার উদ্দেশ্যে মুজিবনগর ত্যাগ করেন।